| 7.10 | Pre & Post offer shareholding of the Public | **Pre Offer** | **Post Offer** | **Pre Offer** | **Post Offer** |
| | • Number | Nil | 48,70,456 | Nil | 33,16,116 |
| | • % of Fully Diluted Equity Share Capital | Nil | 81.46 | Nil | 55.46 |

8. The Acquirer accept full responsibility for the information contained in this Post Offer Advertisement and also for obligations under the SEBI (SAST) Regulations.
9. A copy of this Post Offer Advertisement will be available on the websites of SEBI at www.sebi.gov.in, BSE Limited at www.bseindia.com and Manager to the Offer at www.vivro.net.

**ISSUED BY MANAGER TO THE OFFER ON BEHALF OF THE ACQUIRER**

VIVRO

**VIVRO FINANCIAL SERVICES PRIVATE LIMITED**
Vivro House, 11 Shashi Colony, Opp. Suvidha Shopping Centre, Paldi, Ahmedabad - 380007. Gujarat. India. | **CIN:** U67120GJ1996PTC029182 | **Tel. No.:** 079- 4040 4242
**Email:** investors@vivro.net | **Website:** www.vivro.net | **Contact Person:** Shivam Patel
**SEBI Registration No.:** MB/INM000010122

**Date:** July 11, 2024
**Place:** New Jersey, USA.

**Sd/-**
**Amit Vedawala**
**Acquirer**

AdBaaz

## এক ঝলক

### তলিয়ে যাওয়া মহিলাকে উদ্ধার

■ **স্টাফ রিপোর্টার, কাঁথি:** এ যেন রাখে হরি মারে কে! দিঘা সৈকতে গোপাল ঠাকুরকে স্নান করাতে গিয়ে তলিয়ে যাওয়া মহিলাকে উদ্ধার করলেন নুলিয়ারা। নিজের গোপাল ঠাকুরকে স্নান করাতে গিয়ে সমুদ্রে জলোচ্ছ্বাসে তলিয়ে যেতে থাকেন এক পর্যটক মহিলা। বলা ভালো গোপাল ঠাকুরের কৃপায় প্রাণে বাঁচলেন তিনি। সমুদ্রের উত্তাল ঢেউ থেকে মহিলার বেঁচে ফেরার আশা প্রায় ছেড়েই দিয়েছিলেন উপকূলে দাঁড়িয়ে থাকা পর্যটকরা। দিঘা থানার নিযুক্ত নুলিয়ারা দেখতে পেয়ে সমুদ্রে ঝাঁপ দিয়ে আপ্রাণ চেষ্টায় শেষমেশ ওই পর্যটক মহিলাকে উদ্ধার করেন। পুলিশ সূত্রে জানা গিয়েছে, বৃহস্পতিবার দুপুরে দিঘার সমুদ্রে গোপাল ঠাকুরকে স্নান করানোর সময় আচমকা ঢেউয়ের তোড়ে তলিয়ে যান বারাকপুরের টিটাগড়ের বাসিন্দা পূজা পাল (৩২)। ঘটনা নজরে পড়তেই কর্তব্যরত নুলিয়া কর্মী মিলন দাস উদ্ধারের জন্য ঝাঁপিয়ে পড়েন। বেশ কিছুক্ষণ পর ওই মহিলাকে উদ্ধার করতে সক্ষম হয় নুলিয়ারা। পরিবার সূত্রে জানা গিয়েছে, মা, ভাইবোনদের সঙ্গে মঙ্গলবার দিঘায় বেড়াতে আসেন পূজা পাল। ওল্ড দিঘার একটি বেসরকারি হোটেলে ওঠেন। এদিন দুপুরে জোয়ারের সময় ওল্ড দিঘার ২ নং (ব্লু ভিউ) ঘাটে গার্ডওয়ালের সামনে বসে গোপাল ঠাকুরকে স্নান করাচ্ছিলেন। সেই সময়ই ঘটে যায় বিপত্তি। দিঘায় প্রত্যেকটি স্নানঘাটে বারবার সতর্কতাবার্তা জানানো হলেও কিছু বেপরোয়া পর্যটক নিয়ম না মেনে নেমে যান সমুদ্রস্নানে বলে অভিযোগ উঠেছে। ফলে বারবার ঘটে দুর্ঘটনা বলে দাবি প্রশাসনের। এই ঘটনার পর্যটকদের ফের সতর্ক থাকার আবেদন জানিয়েছে প্রশাসন।

### মায়ের জিনে জীবন সন্তানের

■ **স্টাফ রিপোর্টার :** ২০১৬ সাল। ভরা করোনার আবহ। সেই সময়ে সৌজ্যোতির প্রথম রক্তের ক্যানসার ধরা পড়ল। কলকাতা মেডিক্যাল কলেজ হাসপাতালের হেমাটোলজি অ্যান্ড ব্লাড ট্রান্সফিউশন বিভাগে আনা হল বাবা-মায়ের একমাত্র সন্তানকে। সেই সময়ে কেমোথেরাপি করে ছেড়ে দেওয়া হয়। কারণ কলকাতা মেডিক্যাল কলেজ হাসপাতাল কোভিড হাসপাতাল হিসাবে চিহ্নিত। মাঝের সময়টুকু ওষুধ খেয়ে কোনওরকমে ছিল। মাসতিনেক আগে ফের সমস্যা শুরু হল। একমাত্র সন্তানকে নিয়ে মা ছুটে এলেন মেডিক্যাল কলেজ হাসপাতালেই। বিভাগীয় প্রধান ডা. অধ্যাপক মৈত্রী ভট্টাচার্য ভর্তি করে নেন। চিকিৎসা বিজ্ঞানের নিয়ম অনুযায়ী ভাই অথবা বোনের অর্ধেক জিন রোগীর দেহে প্রতিস্থাপন করে রক্তের ক্যানসার আক্রান্ত রোগীকে সুস্থ করা সম্ভব। ডা.মৈত্রী ভট্টাচার্যর কথায়,''ওর তো ভাইবোন কেউ নেই। তাই এগারো বছরের ছেলেটির মায়ের অর্ধেক জিন প্রতিস্থাপন করা হল ছেলের শরীরে। তার আগে অবশ্য কেমোথেরাপি বিভাগে শিশুটির টোটাল বডি ইরাডিয়েশন করে সমস্ত অস্থিমজ্জা নষ্ট করা হয়। টানা ২১ দিন 'হেফা ফিল্টার' রুমে শিশুটিকে রেখে সুস্থ করা হয়েছে।'' ডা. মৈত্রী ভট্টাচার্যর কথায়, সে এখন সম্পূর্ণ সুস্থ। বাবা মায়ের সঙ্গে বাড়ি ফিরে গিয়েছে।''

### মিছিলে অনুমতি

■ **স্টাফ রিপোর্টার:** শর্তসাপেক্ষে গ্র্যাজুয়েট টিচার্স অ্যাসোসিয়েশনের মিছিল ও ধরনায় অনুমতি দিল কলকাতা হাই কোর্ট। বৃহস্পতিবার এই সংক্রান্ত মামলায় ২৯ জুলাই বেলা বারোটা থেকে বিকেল সাড়ে চারটে পর্যন্ত সাড়ে চার ঘণ্টার জন্য শিক্ষকদের কর্মসূচির অনুমতি দিয়ে বিচারপতি অমৃতা সিনহার নির্দেশ, আচার্য সদন থেকে ওয়াই চ্যানেল ময়ূখ ভবন পর্যন্ত মিছিল করা যাবে। ধরনায় যাঁরা অংশগ্রহণ করবেন তাঁরা অস্ত্র নিয়ে যেতে পারবেন না। উত্তেজনা ছড়ায় এমন বক্তব্য রাখা থেকেও বিরত থাকতে হবে।



■ জগন্নাথদেব তাঁর ভাই ও বোনের সঙ্গে গিয়েছেন মাসির বাড়ি। লক্ষ্মীদেবী গত পাঁচদিন ধরে রয়েছেন একা মন্দিরে। ক্রোধে লক্ষ্মীদেবী পালকিতে চড়ে ভৃত্যদের নিয়ে যাবেন মাসির বাড়ি এবং রথের চাকা দেবেন ভেঙে— এমনই কথিত। সেই প্রথাই পালিত হল ময়দানে ইসকনের রথের অনুষ্ঠানে। —প্রবীর বন্দ্যোপাধ্যায়

এলাকা দখলে বেপরোয়া হয়ে উঠেছিল জয়ন্ত

## সন্ত্রাসের রাজত্ব কায়েম রাখতেই ব্যবসা ছেড়ে অপরাধে হাতেখড়ি

**স্টাফ রিপোর্টার, বারাকপুর:** পারিবারিক খাটালের ব্যবসা। সেখান থেকে দুধবিক্রেতা হিসাবেই পাড়ায় সকলে চিনত জয়ন্ত সিংকে। তারপর বছর চোদ্দো আগে ছোটখাটো অপরাধ দিয়ে সমাজবিরোধী জগতে পা রাখা। সেখান থেকে কামারহাটির 'জায়ান্ট' হয়ে ওঠার জার্নি চোখের সামনে দেখেছেন এলাকাবাসী। কী করে সন্ত্রাসের রাজত্ব কায়েম রেখে এলাকায় আতঙ্ক জিইয়ে রাখতে হয়, তা বোধহয় তার থেকে ভালো কেউ বুঝত না। তাই তো রীতিমতো দল পাকিয়ে, এলাকার যুবকদের সঙ্গে নিয়ে গড়ে তুলেছিল নিজের 'অপরাধের সিন্ডিকেট'। এলাকায় ছোটখাটো চুরি-ছিনতাই থেকে নানা খুচরো অপরাধের শাস্তির দায়িত্ব কার্যত নিজের কাঁধেই তুলে নিয়েছিল জয়ন্ত ও তার শাগরেদরা। যার ফলস্বরূপ একের পর এক রোমহর্ষক অত্যাচারের ভিডিও চলে আসছে প্রকাশ্যে। তবে, এই প্রথম নয়, এর আগে গত বছরের জুন মাসেও চর্চায় এসেছিল আড়িয়াদহের ত্রাস জয়ন্ত সিংয়ের নাম। সেবার প্রোমোটিং নিয়ে বিবাদের কারণে এককালে তাঁরই সঙ্গী অরিত্র ঘোষ ওরফে বুম্বাকে জয়ন্তর দলবল রাস্তায় ফেলে লাঠি-রড দিয়ে বেধড়ক মারধর করে দুটি হাত এবং একটি পা ভেঙে দিয়েছিল। গুলিও চালানো হয় বুম্বাকে লক্ষ্য করে। কিন্তু সেটি লক্ষ্যভ্রষ্ট হয়। এছাড়াও আগে আড়িয়াদহ চত্বরে এই জয়ন্তর দলবল ও তার তালতলা স্পোর্টিং ক্লাবের বিরুদ্ধে বহুবার একাধিক অভিযোগ উঠেছিল। কিন্তু প্রশ্ন হল, অবাধে সন্ত্রাস চালানোর এত সাহস জয়ন্ত পাচ্ছিল কোথা থেকে। আর এই প্রশ্নের উত্তর খুঁজতেই জানা গেল জয়ন্তর উত্থান এবং শাসকদলের একাংশের মদতের কথা।

জয়ন্তদের পরিবারের খাটালের ব্যবসা ছিল। সেও এই ব্যবসার সঙ্গে যুক্ত থাকলেও ২০০৯-'১০ সালে দলবেঁধে ছোটখাটো অপরাধ, মারধর থেকেই তার অসামাজিক কাজে হাতেখড়ি। যেহেতু তার সঙ্গে এলাকার অনেক যুবক ছিল তাই তাদের কাজে লাগানো শুরু করে এলাকার প্রোমোটাররা। হুমকি দিয়ে, দাদাগিরি করে এলাকার এক প্রভাবশালী প্রোমোটারকে পছন্দমতো জমি কিনিয়ে দেওয়া থেকে তার মোটা অঙ্কের উপার্জন শুরু। প্রোমোটারের পছন্দের পাত্র হওয়ার পর থেকেই শুরু হয় জয়ন্তের উত্থান। তারপর থেকে এলাকার প্রায় সব প্রোমোটারের সঙ্গেই তার জমির কারবার শুরু। ২০১৬-১৭ সালে তার উপর শাসকদলের প্রভাবশালী বিধায়কের চোখ পড়তেই জয়ন্তের উত্থান উল্কার গতি নেয়। শুরু হয় প্রোমোটারদের সঙ্গে জমির কারবার-সহ ইমারতি সামগ্রীর ব্যবসা। অভিযোগ, জমি নেওয়ার পর নির্মাণ শুরু করতে গেলে জয়ন্তর থেকে ইট, বালি না নিলে পড়তে হত হুমকির মুখে। এরইমধ্যে নিজেও শুরু করে প্রোমোটিং। কামারহাটি পুরসভায় বেলঘরিয়া-আড়িয়াদহ চত্বরে ৮, ৯, ১০, ১১ নম্বর ওয়ার্ডে সে একচ্ছত্র আধিপত্য কায়েম করে। সম্প্রতি সে আড়িয়াদহের মৌসুমী মোড়ে দুধসাদা অট্টালিকাও নির্মাণ করেছে। সেই জমির সংলগ্ন পুকুরের কিছু অংশ ভরাটেরও অভিযোগ উঠেছে। তার এতটাই দাপট ছিল যে দলে কোণঠাসা হয়ে পড়তে হয় ১৫ নম্বর ওয়ার্ডের প্রাক্তন কাউন্সিলর দেবাশিস মহাপাত্রকে। এজন্য তিনি জয়ন্তের দিকেই অভিযোগের আঙুল তুলে জানান, যে জমিতে বাড়িটি হয়েছে শোনা যায় তার মালিকের কোনও খোঁজখবর নেই। এবার এই জমি কিনে করেছে না কীভাবে করেছে জানা নেই। কিন্তু পুকুরে যাওয়ার একটি রাস্তা ছিল, বাড়িটির জন্য সেটি বন্ধ হয়ে গেছে। তাঁর অভিযোগ, "বহুবার ওকে (জয়ন্ত সিং) পার্টির মিটিং থেকে বার করে দিয়েছি। ওর বিরুদ্ধে মারধরের অভিযোগ উঠলে বিরোধিতা করেছি। রাস্তাতেও বসেছি। সেইজন্যই আজ আমি কাউন্সিলর নেই। বিগত দু-তিন বছরের ঘটনা দেখলেই বোঝা যাবে, কেবল মাত্র এক বিধায়ক ব্যাকআপ দিয়েছেন বলেই এদের এত বাড়বাড়ন্ত।"

## হাওড়া পার্সেলে মিলল ইগুয়ানা

**স্টাফ রিপোর্টার :** বিরল প্রজাতির সরীসৃপ ইগুয়ানা উদ্ধার হাওড়া পার্সেল থেকে। পাঁচটি বৃহদাকার এই সরীসৃপকেকে খাঁচাবন্দি অবস্থায় ঢেকে পার্সেলে আনার পর তা থেকে অদ্ভুত শব্দ বের হতে থাকে। আতঙ্কে পার্সেলের কর্মীরা আরপিএফকে খবর দিলে তারাই এসে ঢাকনা খুলে দেখতে পায় সরীসৃপগুলিকে। এরপর বন দফতরে খবর দিলে তারাই সেগুলি নিয়ে যায়। আরপিএফ সূত্রে খবর, প্রাণীগুলিকে বাইরে পাচার করার জন্য ট্রেনে বুকিং করতে আনার পর পরিস্থিতি বুঝে গা ঢাকা দেয় পাচারকারী।

**ভারত সরকার**
**এয়ারপোর্টস ইকনোমিক রেগুলেটরি অথরিটি অফ ইন্ডিয়া**
**৪র্থ তল, উদ্যান ভবন, সফদরজং এয়ারপোর্ট, নিউদিল্লি-১১০০০৩**
**এয়ারপোর্টস ইকনোমিক রেগুলেটরি অথরিটি অফ ইন্ডিয়া চুক্তির ভিত্তিতে অফিস সাপোর্ট প্রফেসনাল (সেক্রেটারিয়াল পার্সোনাল অ্যাসিস্ট্যান্ট) নিয়োগের জন্য আবেদনপত্র আহ্বান করছে**

এয়ারপোর্টস ইকনোমিক রেগুলেটরি অথরিটি অফ ইন্ডিয়া চুক্তির ভিত্তিতে একটি (০১) নিয়োগ করতে প্রস্তাব করছে। শূন্য পদের সংখ্যা প্রয়োজন অনুসারে পরিবর্তিত হতে পারে। প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞ প্রার্থীকে অফিস সাপোর্ট প্রফেসনাল হিসাবে নিয়োগ করা হবে। আগ্রহী প্রার্থীগণ যে পদের জন্য আবেদন করেছেন তা নির্দেশ করতে হবে।

২. এয়ারপোর্টস ইকনোমিক রেগুলেটরি অথরিটি অফ ইন্ডিয়া যোগ্য প্রার্থীদের থেকে অফিস সাপোর্ট প্রফেসনাল হিসেবে আবেদনপত্র আহ্বান করছে। যোগ্যতার নির্ণায়ক, নিয়ম ও শর্তাবলী ইত্যাদি সহ বিশদ এইআরএ-এর ওয়েবসাইট : www.aera.gov.in-তে পাওয়া যাবে। আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ **০১.০৮.২০২৪-এর বিকেল ৫.৩০টা পর্যন্ত।** নির্ধারিত তারিখ ও সময়ের পর আবেদন গ্রহণ করা হবে না।

স্বাঃ/-
ডেপুটি চিফ
এয়ারপোর্টস ইকনোমিক অথরিটি অফ ইন্ডিয়া, ৪র্থ তল, উদ্যান ভবন
সফদরজং এয়ারপোর্ট, নিউদিল্লি-১১০০০৩
CBC-03112/12/0002/2425

### সোনারপুরের নার্সিংহোমকে জরিমানা

**স্টাফ রিপোর্টার :** নার্সিংহোম ও চিকিৎসকের গাফিলতিতে তিন বছরের একটি শিশুর হাত নষ্ট হতে বসেছে। অভিযোগের তির সোনারপুরের অ্যাটলাস হেলথ পয়েন্ট। এই ঘটনায় ওই নার্সিংহোমকে তিন লক্ষ টাকা জরিমানা ও শিশুটির জন্য পাঁচ লক্ষ টাকা ফিক্সড ডিপোজিট করার নির্দেশ জারি করেছে ওয়েস্টবেঙ্গল ক্লিনিক্যাল এস্টাব্লিশমেন্ট রেগুলেটরি কমিশন। বৃহস্পতিবার কমিশনের চেয়ারম্যান প্রাক্তন বিচারপতি অসীমকুমার বন্দ্যোপাধ্যায় বলেন, রিমা ঘোষের তিন বছরের বাচ্চার হাত ভাঙে। ওই নার্সিংহোমে নিয়ে যাওয়ার পর তার হাতে সিন্থেটিক প্লাস্টার করে দেয়। অভিযোগ, রাতে অসহনীয় যন্ত্রণায় কান্নাকাটি করে বাচ্চাটি। কিন্তু বারবার ফোন করেও অর্থোপেডিক চিকিৎসককে পাওয়া যায়নি। পরদিন প্লাস্টার খোলা হয়। কমিশনের চেয়ারম্যানের অভিযোগ, ততক্ষণে ক্ষতি যা হওয়ার হয়েছে। বাচ্চার হাতের পেশি নষ্ট হয়েছে। গ্যাংগ্রিনের মতো সমস্যা শুরু হয়েছে। তড়িঘড়ি বাচ্চাটিকে দক্ষিণ ভারতে নিয়ে যাওয়া হয়। সেখানে অপারেশন হয়। আদৌ শিশুটির হাতের আঙুল ঠিক হবে কি না তা নিয়ে সংশয় রয়েছে বিশেষজ্ঞদের মধ্যে।

### পেয়ারা পাড়তে গিয়ে দুই শিশু বিদ্যুৎস্পৃষ্ট

**স্টাফ রিপোর্টার:** বাড়ির ছাদে আঁকশি দিয়ে পেয়ারা পারতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্ট হল দুই শিশু। আহতদের নাম প্রদীপ্ত কর (৩) ও রূপম মণ্ডল (৫)। বৃহস্পতিবার হরিদেবপুর থানা এলাকায় সৃজনী পার্কে দুর্ঘটনাটি ঘটেছে। দুই শিশুই হাসপাতালে চিকিৎসাধীন। স্থানীয় বাসিন্দা প্রবীর মণ্ডলের দুই ছেলে রুপম ও আবীর। এদিন নিজেদের একতলা বাড়ির ছাদে পেয়ারা পাড়তে ওঠে। সঙ্গে প্রতিবেশী শিশু প্রদীপ্তও ছিল। পুলিশ সূত্রে খবর, কাঠের লাঠির সঙ্গে লোহার হুক বাঁধিয়ে ছাদ থেকে পেয়ারা পাড়ছিল তারা। ওই ছাদের ওপর দিয়ে হাজার ভোল্টের বিদ্যুৎবাহী তার গিয়েছে। ওই লোহার হুঁক বাঁধানো আকাশি তারের সংস্পর্শে আসতেই দুই শিশু বিদ্যুৎস্পৃষ্ট হয়। সঙ্গে সঙ্গে তাদের এম আর বাঙ্গুর হাসপাতালে নিয়ে যাওয়া হয়। স্থানীয় কাউন্সিলর ক্রিষ্টিনা বিশ্বাস জানান, খুবই মর্মান্তিক ঘটনা। শিশুদের হাসপাতালে চিকিৎসা চলছে। বিপজ্জনক ভাবে থাকা বিদ্যুতের তারগুলো যাতে সরিয়ে নেওয়া হয়, সংশ্লিষ্ট দপ্তরের সঙ্গে কথা বলব।

ছেলের সঙ্গে ঝগড়া করে লাইনে ঝাঁপ প্রৌঢ়ার

## মায়ের ছিন্নভিন্ন দেহাংশ কুড়াতে লাইনে ছেলে

**নিজস্ব সংবাদদাতা, হুগলি:** ছেলের সঙ্গে ঝগড়া করে ট্রেনের সামনে ঝাঁপ দিলেন প্রৌঢ়া। খবর পেয়ে রেললাইনে ছুটে গিয়ে মায়ের দেহাংশ কুড়িয়ে আনার চেষ্টা করলেন মানসিক ভারসাম্যহীন ছেলে। বৃহস্পতিবার মর্মান্তিক ঘটনাটি ঘটেছে হাওড়া-বর্ধমান কর্ড শাখার ডানকুনি ১০ নম্বর রেলগেটের সামনে। ঘটনাকে কেন্দ্র করে ব্যাপক চাঞ্চল্য ছড়িয়ে পড়ে এলাকায়। ইতিমধ্যেই দেহাংশ উদ্ধার করে ময়নাতদন্তে পাঠিয়েছে পুলিশ।

জানা গিয়েছে, ডানকুনি পুরসভার ৬ নম্বর ওয়ার্ডের বাসিন্দা ডলি ঘোষ। বাড়িতে মা ও ছেলে সুখেন ঘোষ থাকতেন। সুখেন কিছুটা মানসিক ভারসাম্যহীন হওয়ায় মা-ছেলের মধ্যে প্রায়শই ঝামেলা হত বলে পুলিশকে জানিয়েছেন প্রতিবেশীরা। বৃহস্পতিবার সকালে বাজার করতে যাচ্ছিলেন তিনি। সেই সময় ছেলের সঙ্গে তাঁর ঝামেলা বাঁধে। এরপর ছেলে মাকে বাড়িতে তালাবন্ধ করে আটকে রাখে। চিৎকার চেঁচামেচিতে ছেলে তালা খুলে দিলে ওই মহিলা ১০ নম্বর রেল গেটের কাছে গিয়ে দীর্ঘক্ষণ বসে থাকেন বলে প্রত্যক্ষদর্শীরা জানান। এরপর স্থানীয় একটি দোকানে গিয়ে জল খান। এমন সময় ট্রেন আসতে দেখে হঠাৎই তিনি দৌড়ে সেদিকে যান। প্রত্যক্ষদর্শীরা চিৎকার করেও তাঁকে দাঁড় করাতে পারেননি। ট্রেনের ধাক্কায় মৃত্যু হয় ডলিদেবীর। রীতিমতো ছিন্নভিন্ন হয়ে ছড়িয়ে ছিটিয়ে পড়ে মহিলার দেহাংশ। খবর পেয়ে ছেলে বাড়ি থেকে চলে আসেন। ছুটে গিয়ে তিনি রেললাইন থেকে মায়ের দেহাংশগুলি কুড়িয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করতে থাকেন। এরপর মায়ের ছিন্নভিন্ন দেহ আঁকড়ে কান্নায় ভেঙে পড়েন সুখেন। দেখতে পেয়ে স্থানীয়রা খবর দেন রেলপুলিশ ও ডানকুনি থানায়। রেল পুলিশ ও ডানকুনি থানার পুলিশ ঘটনাস্থলে গিয়ে সুখেনকে বুঝিয়ে পরিস্থিতি আয়ত্তে আনে। পুলিশ তদন্তে নেমে জিজ্ঞাসাবাদ শুরু করেছে।



■ ১০২তম আন্তর্জাতিক সমবায় দিবসের প্রেক্ষিতে বর্ধমান সমবায় ব্যাঙ্ক ও বর্ধমান রেঞ্জ-১ ডিস্ট্রিক্ট সমবায় ইউনিয়নের যৌথ উদ্যোগে সেমিনার অনুষ্ঠিত হল বর্ধমান সমবায় ব্যাঙ্কের সভাগৃহে। এবারের সমবায় দিবসের মূল ভাবনা ছিল 'সমবায় সকলের জন্য একটি উন্নত ভবিষ্যৎ গড়ে তোলে'। অনুষ্ঠানে বক্তব্য রাখেন রাজ্য সমবায় হাউজিং ফেডারেশনের চেয়ারম্যান ও রাজ্য সমবায় ইউনিয়নের ভাইস চেয়ারম্যান আশিস চক্রবর্তী, ছিলেন রাজ্য সমবায় ইউনিয়নের সভাপতি ও বিধায়ক স্বর্ণকমল সাহা, উত্তম মুখোপাধ্যায়, সন্দীপ বসু এবং সমবায় ইউনিয়নের সিইও সঙ্গীতা সাধু।

## জবরদখল, বাধার মুখে এনকেডিএ

**নিজস্ব সংবাদদাতা, বিধাননগর :** নিউটাউন শহরে জবরদখলমুক্ত করতে গিয়ে ফের বাধার মুখে পড়ল উপনগরী শহর কর্তৃপক্ষ নিউটাউন-কলকাতা উন্নয়ন পর্ষদ (এনকেডিএ)। সপ্তাহখানেক আগে নিউটাউন নজরুল তীর্থ সংলগ্ন একাংশ ফুটপাত দখলদারিমুক্ত করতে গিয়ে ব্যবসায়ীদের বাধার মুখে পড়ে কর্তৃপক্ষ। যদিও বিশাল পুলিশ বাহিনীর উপস্থিতিতে সেদিন ফুটপাতের একাংশ জবরদখলমুক্ত করেই ছাড়েন এনকেডিএ আধিকারিকরা। সেই ঘটনার পর বুধবার রাতে নিউটাউন শহরকে জবরদখলমুক্ত করতে আবার অভিযানে নামে এনকেডিএ। জানা গেছে, এদিন রাতে নিউটাউন শিরিষবাগান মোড় সংলগ্ন মার্কেট, ইকোস্পেস সর্দারপাড়া ও গোল বিল্ডিং মোড় লাগোয়া তিনটি জায়গায় চলে উচ্ছেদ অভিযান। তবে প্রতিটি ক্ষেত্রে ব্যাপক বাধার মুখে পড়তে হয় কর্তৃপক্ষকে। যদিও পুলিশ সেই উত্তপ্ত পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এনকেডিএ সূত্রে খবর, অভিযানে নেমে বহু জায়গা দখলদারিমুক্ত করা গেছে। আগামীতে এই অভিযান জারি থাকবে। ব্যবসায়ীদের বক্তব্য, নিউটাউনে ফুটপাতে কতগুলি হকার রয়েছে, তার সমীক্ষা চালাচ্ছে এনকেডিএ।

কামারহাটি

### জয়ন্তর প্রাসাদ বেআইনি, জানাল পুরসভা

**স্টাফ রিপোর্টার, বারাকপুর :** পেল্লায় অট্টালিকা। প্রাসাদ বললেও অত্যুক্তি হবে না। যার মালিকের নামে ভয়ে কাঁটা হয়ে থাকেন এলাকাবাসী। কামারহাটি পুরসভার ১০ নম্বর ওয়ার্ডের আড়িয়াদহের মৌসুমী মোড় সংলগ্ন জয়ন্ত সিংয়ের দুধসাদা প্রাসাদ ঘিরে বৃহস্পতিবার সকাল থেকেই বিতর্ক তৈরি হয়েছিল। এবার সেই বাড়ি বেআইনি বলেই জানিয়ে দিলেন পুরসভার চেয়ারম্যান গোপাল সাহা। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, আড়িয়াদহের মৌসুমী মোড় সংলগ্ন প্রতাপ রুদ্র লেনে জয়ন্তর দুটি বাড়ি। একটি পৈতৃক, সেটিতে খাটাল রয়েছে। সম্প্রতি পৈতৃক বাড়ির কাছেই একটি জলাশয়ের পাশে আরেকটি প্রাসাদ তৈরি করেছে জয়ন্ত। অভিযোগ, যেখানে এই প্রাসাদ তৈরি হয়েছে সেই জমিটি একসময় পরিত্যক্ত অবস্থায় পড়ে ছিল। বছর দুয়েক আগেই নাকি এই জমিটি নিজের কব্জায় নেয় জয়ন্ত। এরপরই রাতারাতি সেখানে নির্মাণ কাজ শুরু করে। বছর খানেকের মধ্যেই এই জমিতে তৈরি হয়েছে চোখ-ধাঁধানো তিনতলা প্রাসাদ। যে জলাশয়ের পাড়ে এই প্রাসাদ গড়ে উঠেছে, সেই জলাশয়ের অনেকটা অংশ বুজিয়েই বাড়ি তৈরির অভিযোগ উঠেছে। বাড়ি তৈরির বৈধতা নিয়েও প্রশ্ন তুলেছেন অনেকে। এবার এই নিয়ে মুখ খুললেন কামারহাটি পুরসভার চেয়ারম্যান গোপাল সাহা। তিনি জানান, "জমিটি কার তা এখনও জানা যায়নি। তবে, জমির দাগ নম্বর পাওয়া গিয়েছে। শীঘ্রই জমির মালিকের খোঁজ পাওয়া যাবে। যে বাড়িটি তৈরি হয়েছে তার অনুমোদন পুরসভা দেয়নি, প্ল্যান পাস করা হয়নি।

### ফেরাতে নির্দেশ

**স্টাফ রিপোর্টার :** সোশাল মিডিয়ায় মুখ্যমন্ত্রীর সরাসরি সম্প্রচারে রাজ্যের এক মন্ত্রীর বিরুদ্ধে জমি অধিগ্রহণের অভিযোগ এনে ধৃত যুবককে আগেই মুক্তির নির্দেশ দিয়েছিল হাই কোর্ট। এবার ওই যুবকের বাজেয়াপ্ত করা মোবাইল যুবককে ফেরত দেওয়ার নির্দেশ দিয়েছেন বিচারপতি অমৃতা সিনহা। ৩০ আগস্ট মামলার পরবর্তী শুনানি। সামাজিক মাধ্যমে মুখ্যমন্ত্রীর সরাসরি সম্প্রচারের সময় 'কমেন্ট বক্সে' এক মন্ত্রী-সহ তৃণমূল নেতাদের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগে মন্তব্য করে বিপাকে পড়েছিলেন হাওড়ার বাসিন্দা এরশাদ সুলতান। ঘটনায় তাঁকে গ্রেফতার করেছিল শিবপুর থানার পুলিশ। যা নিয়ে হাই কোর্টের দ্বারস্থ হয়েছিলেন তাঁর স্ত্রী।



■ রাজারহাটে প্রাক্তন মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর নামে সিপিএম যে সমাজবিজ্ঞান চর্চা কেন্দ্র তৈরির কাজ শুরু করেছে, সেই বিষয় নিয়ে আলোচনা করতে বৃহস্পতিবার কলকাতায় নোবেলজয়ী অর্থনীতিবিদ অমর্ত্য সেনের কাছে বামফ্রন্টের চেয়ারম্যান বিমান বসু।

স্ত্রীকে খুনের অভিযোগে কারাদণ্ড

## ছেলের সাক্ষ্যেই বাবার যাবজ্জীবন

**নিজস্ব সংবাদদাতা, হুগলি:** নাবালক ছেলের সামনে স্ত্রীকে খুনের অভিযোগে দোষী সাব্যস্ত ব্যক্তিকে যাবজ্জীবন কারাদণ্ডের সাজা শোনাল আদালত। আর, এক্ষেত্রে মামলার নিষ্পত্তিতে গুরুত্বপূর্ণ ভূমিকা নিল মৃতার নাবালক ছেলের সাক্ষ্য।

জানা গিয়েছে, হুগলির ধনেখালি থানার অন্তর্গত জামাইবাটি কাপগাছি গ্রামের বাসিন্দা শেখ নজিবুলের সঙ্গে ২০০৬ সালে বিয়ে হয় ধনেখালির চক-সুলতান গ্রামের সাবিনা বেগমের। বিয়ের কয়েক বছর পরে স্থানীয় এক মহিলার সঙ্গে বিবাহ-বহির্ভূত সম্পর্কে জড়িয়ে পড়ে নজিবুল। এই নিয়ে স্ত্রীর সঙ্গে তার অশান্তি চলছিল।

২০১৫ সালের ২৫ আগস্ট অশান্তি চরমে ওঠে। ওই রাতে সন্তানদের চোখের সামনেই স্ত্রীকে বালিশ চাপা দিয়ে শ্বাসরোধ করে খুন করে নজিবুল। ঘটনার পর সাবিনার বাবা মতিয়ার রহমানের অভিযোগের ভিত্তিতে নজিবুলকে গ্রেপ্তার করে ধনেখালি থানা।

তদন্তের পর ২০১৫ সালের ২৩ ডিসেম্বর চার্জশিট পেশ করেন তদন্তকারী আধিকারিক। অভিযুক্তের বিরুদ্ধে ৪৯৮/এ, ৩০২, ২০১ ধারায় মামলা হয়। ২০২২ সালের ১২ এপ্রিল বিচারকের কাছে বাবার বিরুদ্ধে গোপন জবানবন্দি দেয় ছেলে। মোট ১২ জনের সাক্ষ্যগ্রহণ করা হয়। চুঁচুড়া আদালতের সরকারি আইনজীবী শঙ্কর গঙ্গোপাধ্যায় বলেন, "অভিযুক্তকে যাবজ্জীবন সাজা শোনায় চুঁচুড়া আদালত। মৃত সাবিনা বেগমের ১৩ বছরের ছেলে সাহিলের সাক্ষী এক্ষেত্রে গুরুত্বপূর্ণ হয়ে ওঠে। তার যখন ছয় বছর বয়স সে গোপন জবানবন্দি দিয়েছিল বিচারকের সামনে। আর ১৩ বছর বয়সে সাক্ষ্য দেয়।"

বুধবার হুগলি জেলা আদালতের তৃতীয় অতিরিক্ত সেশন জাজ কৌস্তভ মুখোপাধ্যায় শেখ নজিবুলকে দোষী সাব্যস্ত করেন। বৃহস্পতিবার নজিবুলের যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড, সেইসঙ্গে পনেরো হাজার টাকা জরিমানা করা হয়।"

**Pre-qualification application towards selection of Contractors for Civil / Sanitary Plumbing / Interior Furnishing / Electrical Works for proposed Zonal Office at Kolkata.**

Offers are invited for the Pre-qualification towards selection of Contractors for Civil / Sanitary Plumbing / Interior Furnishing / Electrical Works for our proposed Zonal Office cum Main Branch at 6th Floor, Kanak Tower at Kolkata. The estimated project cost is Rs. 2 Crores. The last date for submission of the offers is 23rd July 2024. For details, please refer our website www.sbimf.com under downloads in the tender section.

The company reserves the right to reject all or any offer without assigning any reason whatsoever.

SBI FUNDS MANAGEMENT LIMITED

**SBI Funds Management Limited**
(A Joint Venture between SBI & AMUNDI)
(CIN: U65990MH1992PLC065289)
9th Floor, Crescenzo, C-38 & 39, G Block, Bandra-Kurla Complex, Bandra (E), Mumbai – 400 051.

BRITANNIA®

**ব্রিটানিয়া ইন্ডাস্ট্রিজ লিমিটেড**
(কর্পোরেট আইডেন্টিফিকেশন নং : এল১৫৪১২ডাব্লুবি১৯১৮পিএলসি০০২৯৬৪)
রেজিস্টার্ড অফিস : ৫/১এ, হাঙ্গারফোর্ড স্ট্রিট, কলকাতা-৭০০০১৭
ফোন : ০৩৩-২২৮৭২৪৩৯/২০৫৭
ওয়েবসাইট : www.britannia.co.in ইমেল : investorrelations@britindia.com

**কোম্পানির ১০৫তম বার্ষিক সাধারণ সভা সংক্রান্ত তথ্য**

সদস্যদের অনুগ্রহ করে জ্ঞাত করার জন্য অনুরোধ করা হচ্ছে যে কোম্পানির ১০৫তম বার্ষিক সাধারণ সভা ('এজিএম') ভিডিও কনফারেন্স ("ভিসি")/ অন্যান্য অডিও ভিসুয়াল মাধ্যম ("ওএভিএম") -এর মাধ্যমে ব্যবসায় লেনদেন করার জন্য সোমবার, ১২ অগাস্ট, ২০২৪ তারিখে ভারতীয় সময় বিকেল ৩:৩০ মিনিটে অনুষ্ঠিত হবে, কোম্পানি আইন, ২০১৩ ('দ্য অ্যাক্ট') -এর অধীনে প্রণীত বিধি এবং সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া ((লিস্টিং অবলিগেশনস এবং ডিসক্লোজার রিকোয়ারমেন্ট) রেগুলেশনস, ২০১৫ ('সেবি লিস্টিং রেগুলেশনস, ২০১৫') সাধারণ সার্কুলার নম্বর(গুলি) সহ পঠিত হয়েছে ১৪/২০২০ তারিখ ৮ এপ্রিল ২০২০, ১৭/২০২০ তারিখ ১৩ এপ্রিল ২০২০, ২০/২০২০ তারিখ ৫ মে ২০২০ এবং ৯/২০২৩ তারিখ ২৫ সেপ্টেম্বর ২০২৩ কর্পোরেট বিষয়ক মন্ত্রণালয় ('এমসিএ সার্কুলারস') দ্বারা জারি করা হয়েছে।

এমসিএ সার্কুলার এবং সেবি সার্কুলার নং. সেবি/এইচও/সিএফডি/সিএফডি-পিওডি-২/পি/সিআইআর/২০২৩/১৬৭ ৭ অক্টোবর ২০২৩ তারিখে ('সেবি সার্কুলার') অনুসারে, আর্থিক বছর ২০২৩-২৪ এর বার্ষিক রিপোর্ট সহ ১০৫তম এজিএম আহ্বান করার বিজ্ঞপ্তি শুধুমাত্র সেই সদস্যদের ইমেইলের মাধ্যমে যাদের ইমেইল ঠিকানা কোম্পানি/ডিপোজিটরি অংশগ্রহণকারী(গণ)-এর সাথে রেজিস্টার্ড করা আছে। ১০৫তম এজিএম -এর নোটিস এবং আর্থিক বছর ২০২৩-২৪ -এর বার্ষিক রিপোর্ট বাস্তবিক প্রতিলিপি পেতে ইচ্ছুক সদস্যরা কোম্পানির কাছে তাদের ফোলিও নং./ডিপি আইডি এবং ক্লায়েন্ট আইডি উল্লেখ করে investorrelations@britindia.com -এ অনুরোধ পাঠাতে পারেন।

সদস্যগণ মনে রাখবেন যে এজিএম-এর বিজ্ঞপ্তি এবং আর্থিক বছর ২০২৩-২৪ এর বার্ষিক রিপোর্ট কোম্পানির ওয়েবসাইট www.britannia.co.in এবং স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট অর্থাৎ বিএসই লিমিটেড এবং ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেড-এর ওয়েবসাইট যথাক্রমে www.bseindia.com এবং www.nseindia.com এবং ন্যাশনাল সিকিউরিটিজ ডিপোজিটরি লিমিটেড ('এনএসডিএল') -এর ওয়েবসাইট www.evoting.nsdl.com -তে পাওয়া যাবে। সদস্যরা শুধুমাত্র ভিসি/ওএভিএম সুবিধার মাধ্যমে এজিএম-এ উপস্থিত থাকতে এবং অংশগ্রহণ করতে পারবেন। ভিসি/ওএভিএম-এর মাধ্যমে সভায় উপস্থিত সদস্যদেরকে আইনের ধারা ১০৩ এর অধীনে কোরাম গণনার উদ্দেশ্যে গণনা করা হবে।

এজিএম আহ্বানের বিজ্ঞপ্তিতে বর্ণিত সমস্ত রেজুলেশনে ভোট দেওয়ার জন্য তাদের সমস্ত সদস্যদের কোম্পানি এজিএম চলাকালীন রিমোট ই- ভোটিং সুবিধা এবং ই- ভোটিং সুবিধা প্রদান করছে।

(ক) এজিএম -এর আগে রিমোট ই- ভোটিং, (খ) এজিএম-এর দিন ই- ভোটিং এবং (গ) ভিসি/ ওএভিএম মোডের মাধ্যমে এজিএম-এ উপস্থিত হওয়া সংক্রান্ত বিশদ নির্দেশাবলী এজিএম -এর আহ্বানকারী নোটিশে দেওয়া হবে।

আপনি যদি আপনার ইমেল ঠিকানা রেজিস্টার্ড না করে থাকেন এবং/ অথবা আপনার ব্যাঙ্ক অ্যাকাউন্ট আপডেট না করেন, অনুগ্রহ করে নীচের নির্দেশাবলী অনুসরণ করুন:

| | |
|---|---|
| ফিজিক্যাল হোল্ডিং | ৭ মে ২০২৪ তারিখের মাস্টার সার্কুলার এবং ১০ জুন ২০২৪ তারিখের সার্কুলার অনুসারে সেবি দ্বারা জারি করা ফিজিক্যাল সিকিউরিটিজ ধারকদের জন্য প্যান যোগাযোগের বিশদ বিবরণ (পিন এবং মোবাইল নম্বর সহ পোস্টাল ঠিকানা), ব্যাঙ্ক অ্যাকাউন্টের বিবরণ এবং তাদের সংশ্লিষ্ট ফোলিও নম্বরের জন্য নমুনা স্বাক্ষর বাধ্যতামূলক করা হবে।<br>এই জাতীয় ফোলিওর শেয়ারহোল্ডাররা উপরে উল্লিখিত নথি/বিবরণের যেকোনও একটি আপডেট করা হয়নি, তারা যোগ্য হবেন:<br>• প্যান এবং কেওয়াইসি বিবরণ প্রদান করার পরেই অভিযোগ দায়ের করতে বা আরটিএ থেকে যেকোনও পরিষেবার অনুরোধ সুবিধা পেতে।<br>• এই ধরনের ফোলিওর ক্ষেত্রে ডিভিডেন্ড, সুদ বা রিডেমশন পেমেন্ট সহ যেকোন পেমেন্টের জন্য, শুধুমাত্র ইলেকট্রনিক মোডের মাধ্যমে ১ এপ্রিল ২০২৪ থেকে কার্যকর।<br>সদস্যদের অনুরোধ করা হচ্ছে মেসার্স কেএফআইএন টেকনোলজিস লিমিটেড, কোম্পানির রেজিস্ট্রারার অ্যান্ড শেয়ার ট্রান্সফার এজেন্ট ("কেএফআইএন")- einward.ris@kfintech.com-তে স্ব-প্রত্যয়িত সমর্থনকারী নথি এবং অন্যান্য প্রাসঙ্গিক ফর্ম সহ যথাযথভাবে পূরণ করা অন্যান্য প্রাসঙ্গিক ফর্মগুলিতে এবং নির্ধারিত আইএসআর-১ -তে বিবরণ রেজিস্টার/ আপডেট করুন।<br>সদস্যগণ কোম্পানির ওয়েবসাইট www.britannia.co.in থেকে নির্ধারিত ফর্ম ডাউনলোড করতে পারেন। |
| ডিম্যাট হোল্ডিং | ডিম্যাট মোডে শেয়ার ধারণ করা সদস্যদের ডিপোজিটরি অংশগ্রহণকারী(গণ)-র পরামর্শ অনুযায়ী তাদের ইমেল ঠিকানা/ব্যাঙ্ক অ্যাকাউন্টের বিবরণ নিবন্ধন/আপডেট করার জন্য অনুরোধ করা হচ্ছে। |

৩ মে ২০২৪-এ অনুষ্ঠিত বোর্ড অফ ডিরেক্টরস কর্তৃক সুপারিশকৃত চূড়ান্ত ডিভিডেন্ট, যদি সভায় ঘোষণা করা হয়, আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে অর্থাৎ, ১০ সেপ্টেম্বর ২০২৪ তারিখে বা তার আগে, সেই সমস্ত সদস্যদের প্রদান করা হবে যাদের নাম রেকর্ডের তারিখ অর্থাৎ সোমবার, ৫ আগস্ট ২০২৪ অনুযায়ী সদস্যদের নিবন্ধন/বেনিফিসিয়াল মালিকগণদের নিবন্ধন করা আছে।

কোম্পানির সদস্যদের নিবন্ধন এবং শেয়ার ট্রান্সফার বুক আর্থিক বছর ২০২৩-২৪ সালের বার্ষিক ডিভিডেন্ডে শেয়ারহোল্ডারদের এনটাইটেলমেন্ট নির্ধারণের জন্য এবং এজিএম-এর উদ্দেশ্যে মঙ্গলবার, ৬ আগস্ট ২০২৪ থেকে সোমবার, ১২ আগস্ট ২০২৪ (উভয় দিন সহ) বন্ধ থাকবে।

সদস্যরা লক্ষ্য করতে পারেন যে আয়কর আইন, ১৯৬১ অনুসারে, ফিনান্স অ্যাক্ট, ২০২০ ('আয়কর আইন') দ্বারা সংশোধিত, ডিভিডেন্ড আয় সদস্যদের হাতে করযোগ্য হবে, কোম্পানিকে কর কর্তন করতে হবে সদস্যদের ডিভিডেন্ড প্রদানের সময় নির্ধারিত হারে উৎস (টিডিএস)। কর কর্তনের হার সদস্যের আবাসিক অবস্থার উপর নির্ভর করে এবং প্রয়োজনীয় নথি জমা দেওয়া সাপেক্ষে আয়কর আইনে গণনাকৃত ছাড় পরিবর্তিত হবে।

এই বিষয়ে, সদস্যদের অবহিত করার জন্য আয়কর আইন অনুযায়ী প্রযোজ্য করের হার পাওয়ার পদ্ধতি বিষয়ে শেয়ারহোল্ডারদের একটি পৃথক ইমেল বার্তা ৯ জুলাই ২০২৪-এ পাঠানো হয়েছিল।

ব্রিটানিয়া ইন্ডাস্ট্রিজ লিমিটেডের পক্ষে
স্বাঃ/-
টি.ভি. তুলসীদাস
কোম্পানি সেক্রেটারি

তারিখ: ১১ জুলাই ২০২৪
স্থান: বেঙ্গালুরু